ইনকিলাব

তারিখ ... 6 NOV 2012 ...
পৃষ্ঠা ... ১৬ ... ইনকিলাব ...

ঢাবি'র দুই বিভাগ

# মাদরাসা ছাত্র ভর্তির ক্ষেত্রে শর্তারোপের সিদ্ধান্ত ৩ মাসের জন্য স্থগিত করেছে হাইকোর্ট

## রুল জারি

□ স্টাফ রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি বিভাগে মাদরাসা ছাত্রদের ভর্তির ক্ষেত্রে শর্তারোপের সিদ্ধান্ত তিন মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। ওই দুই বিভাগে ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেন আদালত। বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ও দুর্যোগ [illegible] পৃঃ ১২ কঃ ২

**মাদরাসা ছাত্র ভর্তির ক্ষেত্রে**

১৬-এর পৃষ্ঠার পর

ব্যবস্থাপনা বিভাগে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে মাদরাসা থেকে পাস করা শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষ শর্তারোপের যে সিদ্ধান্ত নিয়েছিলো এক রিট আবেদনের প্রেক্ষিতে এই স্থগিতাদেশ প্রদান করেছেন হাইকোর্ট। রিট আবেদনের প্রেক্ষিতে বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি মোহাম্মদ খুরশিদ আলম সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গত ১৬ অক্টোবর এ আদেশ দেন। পাশাপাশি এই দুই বিভাগে ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেন আদালত। ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান, রেজিস্ট্রার, আইন অনুষদের ডিন ও চেয়ারম্যান এবং দুর্যোগ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের পরিচালককে এর জবাব দিতে হবে।

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ভর্তিতে পূর্বের ১১ টি বিষয়ের সাথে নতুন করে দুটি বিষয়ে ভর্তিতে মাদরাসা ছাত্রছাত্রীদের ভর্তির ক্ষেত্রে অতিরিক্ত শর্তারোপ করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর ফলে গত ১৪ অক্টোবর মাদরাসা থেকে পাসকরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থী মহিউদ্দিন, সাইফুল্লাহ, মাহমুদুল হাসান ও মোহাম্মদ তসলিমুল আলম রিট আবেদনটি দায়ের করেন। এর পক্ষে আদালতে শুনানি করেন ব্যারিস্টার ইমরান এ সিদ্দিকী ও এড. মোহাম্মদ শিশির মনির। গত কয়েক বছর ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাদরাসা ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে অতিরিক্ত শর্তারোপ করে আসছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শর্তারোপকৃত বিষয়গুলো হচ্ছে- বাংলা, ইংরেজি, গণযোগাযোগ ও সাংবাদিকতা, অর্থনীতি, আইন, আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারাবিলিটি স্টাডিজ, উন্নয়ন অধ্যয়ন, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ।